

যুগান্তর

শিক্ষার্থীর ফল জালিয়াতি, পরীক্ষা নিয়ন্ত্রককে তলব

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ১৯ জুন ২০২৩, ২১:০৭:৩৬ | [অনলাইন সংস্করণ](#)



ফাইল ছবি

এক শিক্ষার্থীর ফলাফল নিয়ে জালিয়াতির ঘটনায় ময়মনসিংহের কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রককে তলব করেছেন হাইকোর্ট। এ বিষয়ে কুরবানির ঈদের পর যে কোনো দিন তাকে উপস্থিত হয়ে এ বিষয়ে ব্যাখ্যা দিতে বলা হয়েছে।

আদেশের বিষয়টি নিশ্চিত করেন রিটকারীর আইনজীবী ব্যারিস্টার শিহাব উদ্দিন খান। এ সংক্রান্ত রুলের শুনানি নিয়ে বুধবার বিচারপতি জাফর আহমেদ ও বিচারপতি মো. বশির উল্লাহর সমন্বয়ে গঠিত দ্বৈত বেঞ্চ এ আদেশ দেন।

আদালতে সোমবার রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী ব্যারিস্টার শিহাব উদ্দিন খান। কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের পক্ষে শুনানিতে ছিলেন ব্যারিস্টার তাপস কান্তি বল। আর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের পক্ষে ছিলেন অ্যাডভোকেট শাহ মনজুরুল হক।

এ বিষয়ে কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের পক্ষে শুনানিতে ব্যারিস্টার তাপস কান্তি বল বলেন, বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের একজন পরীক্ষার্থীর উত্তীর্ণ হওয়ার জন্য প্রয়োজন ৩.৫ পয়েন্ট। কিন্তু তিনি পেয়েছেন ৩.৪৫। এখন তিনি তার পেপারের পুনর্মূল্যায়ন চান। এছাড়া তার পরের ব্যাচেও কিছু ভুল ধরা পড়েছে মার্কিংয়ের ক্ষেত্রে, পরে এই ভুলগুলোকে সংশোধন করা হয়েছে।

কোর্ট সোমবার বলেছেন যে, এক্সাম কন্ট্রোলারকে (পরীক্ষা নিয়ন্ত্রক) আমাদের এখানে আসতে বলেন। ঈদের পরে এ রিটের শুনানির জন্য রেখেছেন। তিনি জানান, কোর্ট ওইদিন ওনার কাছ থেকে পরীক্ষার্থীদের মূল্যায়ন পুনর্মূল্যায়ন এসব বিষয়ে জানতে চান।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

